শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৪.১৭.৭৭১

তারিখ: ২২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন বিষয়ে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত গত ০৪.০৯.২০১৮ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন-১) এর উইও নোট নং-৫৭.০০.০০০০.০০১.৩৬.০০১.১৭-৫৪, তারিখ: ০৬.০৯.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের মাধ্যমে ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের জন্য ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসি) কর্তৃক গত ০৪.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

*শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ছুটি বা আরম্ভ হওয়ার প্রাক্কালে স্কাউট এবং বিএনসিসি'র সহযোগিতা গ্রহণ করে শিক্ষার্থীদের রাস্তা পারাপারের উদ্যোগ গ্রহণ করতে হবে। সকল শিক্ষার্থীদের মাধ্যমে তাদের অভিভাবকদের ট্রাফিক আইন মেনে চলার গাইড লাইন প্রদান করা এবং পর্যাপ্ত প্রচারের ব্যবস্থা করতে হবে মর্মে প্রয়োজনীয় নির্দেশনা জারী।*

০২। উল্লেখ্য, এ বিভাগ হতে জারিকৃত সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অবহিতকরণ সংক্রান্ত ২০-০৮-২০১৮ তারিখের ৬৬১ নং পত্রের অনুবৃত্তিক্রমে উপরিউক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)

বিতরণ সদয় কার্যার্থে:
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, বোরাক টাওয়ার, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৭.১৭- ২১১

তারিখ: ০৯.১০.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা বাস্তবায়নের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৯.১০.২০১৮

মোঃ সাইফুল ইসলাম
উপ- পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।
ফোন: ৪১০৩০১৬৩

বিতরণ:
১.জেলা শিক্ষা অফিসার (সকল) [ তাঁর আওতাধীন মাদ্রাসায় বাস্তবায়নের অনুরোধ সহ ]
২.উপজেলা শিক্ষা অফিসার (সকল) [ তাঁর আওতাধীন মাদ্রাসায় বাস্তবায়নের অনুরোধ সহ ]
৩.অধ্যক্ষ/সুপার.................. মাদ্রাসা,পো:.......... ......উপজেলা...... ..........জেলা...............

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭.৭৫৭

তারিখ ঃ ১৭ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ / ০২ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অবহিতকরণ কর্মসূচি বাস্তবায়ন।

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০০১.২৯.০১৮.১৭-৬৬১, তারিখ: ২০.০৮.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের মাধ্যমে সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অবহিতকরণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ১নং অনুচ্ছেদের শেষ বুলেটে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল:

*"বাংলাদেশ স্কাউটস এর সাথে সমন্বয় করে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুনসহ স্বল্প সময়ের জন্য Demonstration করা"।*

০২। উল্লিখিত নির্দেশনা ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরিবর্তে আগামী ২২ অক্টোবর ২০১৮ তারিখে বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোস্থ পত্রের ছায়ালিপি।

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়) ০২/১০/১৮

বিতরণ সদয় কার্যার্থে:

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁর, ঢাকা।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, বোরাক টাওয়ার, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০০১.২৯.০১৮.১৭. ৮৮৯ তারিখ: ০৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ / ২০ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী সড়ক নিরাপত্তা বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাস ও সড়কে শৃঙ্খলা আনার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। সড়ক দুর্ঘটনার জন্য অননুমোদিত ও ত্রুটিপূর্ণ যানবাহন, লাইসেন্সবিহীন ও অনভিজ্ঞ ড্রাইভার যেমন অনেকাংশে দায়ী, তেমনি পথচারী এবং যাত্রীগণের ট্রাফিক নিয়মকানুন সম্পর্কে অজ্ঞতা ও অসচেতনতাও দায়ী। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে সম্প্রতি বাংলাদেশ স্কাউটসের সদস্যগণ সড়ক নিরাপত্তার বিষয়ে যে ভূমিকা রেখেছে তা সব মহলে প্রশংসিত হয়েছে। সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য ছাত্র-ছাত্রীদের মাধ্যমে অভিভাবকদের মাঝে সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা তৈরির উদ্যোগ নেয়া হলে এ প্রচেষ্টা আরও বেশি টেকসই ও ফলপ্রসূ হবে বলে আশা করা যায়।

০২। মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে বাংলাদেশ স্কাউটসের অধিকতর মাত্রায় সম্পৃক্ততার উপর গুরুত্ব আরোপ করেছেন। এরই আলোকে বাংলাদেশ স্কাউটস ছাত্র-ছাত্রীদের মাধ্যমে অভিভাবকদের মাঝে সচেতনতা তৈরির জন্য একটি লিফলেট /প্রচারণাপত্র প্রস্তুত করেছে, যা এ সাথে সংযুক্ত করা হলো।

০৩। সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অংশ হিসেবে উক্ত প্রচারণা পত্রের বহুল প্রচারসহ এতদসংক্রান্ত কার্যক্রমের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সাথে সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করবেনঃ

- লিফলেটটি প্রয়োজনীয় সংখ্যক কপি করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা) ছাত্র-ছাত্রীদের নিকট বিতরণ;
- ইউনিফর্মধারী স্কাউট, রোভার স্কাউট ও গার্ল গাইডসদের মাধ্যমে লিফলেট বিতরণ করা;
- লিফলেটে বর্ণিত বিষয়াদির উপর ছাত্র-ছাত্রীদেরকে শ্রেণিকক্ষে শ্রেণি শিক্ষক কর্তৃক প্রয়োজনীয় ধারণা / নির্দেশনা প্রদান;
- কারিগরি ও মাদ্রাসা স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের প্রাত্যহিক সমাবেশে সড়ক নিরাপত্তা বিষয়ে আলোচনা করা;
- শিক্ষকগণ প্রয়োজনে এ বিষয়ে ট্রাফিক পুলিশসহ অভিজ্ঞ অন্যান্য ব্যক্তি ও সংস্থার নিকট থেকে সহযোগিতা গ্রহণ করবেন;
- ছাত্র-ছাত্রীদের নিজেদের মধ্যে লিফলেটে বর্ণিত বিষয়ে আলোচনা ও তা অনুসরণে অনুপ্রাণিত করা;
- ছাত্র-ছাত্রীদের মাধ্যমে তাদের অভিভাবকগণের নিকট এই লিফলেট পৌছানো;
- অভিভাবকদের নিকট ছাত্র-ছাত্রীগণ কর্তৃক লিফলেটে বর্ণিত বিষয়াদি পরিষ্কারভাবে উপস্থাপন করে ট্রাফিক নিয়ম-কানুন ও সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিত করা নিশ্চিতকরণ;
- এ পদ্ধতিতে অভিভাবকগণ বিষয়টি অবহিত হয়েছেন মর্মে লিফলেটের নির্ধারিত স্থানে তাদের স্বাক্ষর গ্রহণপূর্বক তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ফেরত প্রদান;
- এ পদ্ধতিতে কত জন অভিভাবককে সম্পৃক্ত করা হয়েছে সে বিষয়ে সাপ্তাহিক প্রতিবেদন প্রেরণ;
- ঈদ-উল-আযহার ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হওয়ার সাথে সাথে এ কার্যক্রম শুরু করা এবং ৩০ সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে কার্যক্রম শেষ করা;
- প্রত্যেক মসজিদে ইমামদের মাধ্যমেও এই লিফলেটে বর্ণিত বিষয়ে মুসল্লিদেরকে জুমার নামাজের পূর্বে অবহিত করা;
- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ/মা সমাবেশের মাধ্যমে বিষয়টি অবহিত করা;
- এ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটিকে সম্পৃক্তকরণ;
- উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে সার্বিক সমন্বয় করবেন;
- প্রত্যেক ইউনিয়নের/পৌরসভার জন্য উপজেলা নির্বাহী অফিসার একজন বা একাধিক উপজেলা পর্যায়ের কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করবেন;
- উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ট্যাগ অফিসারের কার্যক্রম সমন্বয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সহযোগিতা করবেন;
- সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জ তার থানার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

- মেট্রোপলিটন এলাকায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ বিষয়ে সমন্বয় করবেন;
- মেট্রোপলিটন এলাকায় থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ও থানা শিক্ষা অফিসারগণ স্ব স্ব থানা এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের জন্য ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন;
- জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করে এ কার্যক্রম বাস্তবায়ন করবেন;
- জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে এ কার্যক্রম নিশ্চিত করবেন;
- বিভাগীয় কমিশনারগণ মেট্রোপলিটন এলাকার কার্যক্রম সমন্বয়সহ সংশ্লিষ্ট বিভাগের সকল জেলায় এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন;
- বাংলাদেশ স্কাউটস এর সাথে সমন্বয় করে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক শ্লোগান সম্বলিত ফেস্টুনসহ স্বল্প সময়ের জন্য demonstration করা;

২। এ বিষয়ে যে কোন প্রয়োজনে mukaddish@gmail.com, মোবাইল: ০১৭১১১১৪৬৫২ অথবা HYPERLINK "mailto:prsgolammostafa@gmail.com"prsgolammostafa@gmail.com, মোবাইল: ০১৭১১৯৪৫৪৩৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৩। উপর্যুক্ত কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস ও গার্ল গাইডস এর বিভিন্ন ইউনিটকে সম্পৃক্ত করে বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১(এক) ফর্দ।

২০.৮.২০১৮

মোঃ আলমগীর
সচিব
ফোন: ৯৫৮-২২২০
ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬
ইমেইল: secretary@tmed.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।

স্মারক নং-৫৭.০০.০০০০.০০১.২৯.০১৮.১৭. ৬৬১(৫)

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও উন্নয়ন, কারিগরি, মাদ্রাসা) অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা , যুগ্মসচিব (প্রশাসন-১, প্রশাসন-২) এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২০/৮/২০১৮

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব (সমন্বয়)

## গুরুত্বপূর্ণ ট্রাফিক সাইন




### কন্ট্রোল রুম

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক,
কাকরাইল, ঢাকা-১০০০
☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১
🖷: +৮৮-০২-৯৩৪২২২৬

follow us on :

www.scouts.gov.bd

https://www.youtube.com/channel/UCB5zFbXBQ3AhKhtxSKwi2ow/videos

https://www.facebook.com/bdscouts/




জরুরী যে কোন প্রয়োজনে - ৯৯৯ এ ফোন করুন।

* লিফলেটের নিচের অংশটি স্বাক্ষর পূর্বক কেটে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে।

..............✂..................✂..............✂....................✂..........................

আমি/আমরা উল্লিখিত নিয়মাবলী মেনে চলব এবং অন্যকে মেনে চলতে উৎসাহিত করব:

| পিতা ও মাতা/অভিভাবকের নাম, সম্পর্ক, মোবাইল | স্বাক্ষর |
|---|---|
| ক) ---------------------------------------- | --------- |
| খ) ---------------------------------------- | --------- |
| গ) ---------------------------------------- | --------- |
| ঘ) ---------------------------------------- | --------- |

## নিরাপদ সড়ক নিশ্চিতকরণে আমাদের দায়িত্ব

সড়ক নিরাপদ রাখার জন্য আমাদের সকলেরই ভূমিকা রয়েছে। একতাবদ্ধভাবে কাজ করলে নিরাপদ : নিশ্চিত করা সম্ভব। অননুমোদিত ও ত্রুটিপূর্ণ যানবাহন, লাইসেন্সবিহীন ও অনভিজ্ঞ ড্রাইভার যেমন দুর্ঘ জন্য দায়ী, তেমনিভাবে দায়ী পথচারী এবং যাত্রীগণের অসচেতনতা। সকলে মিলেই আমাদেরকে আ হবে পরিবর্তন। আসুন আগে আমরা নিজেকে বদলাই এবং অন্যকে বদলাতে সহায়তা করি। তাহলেই ত সড়ককে পরিপূর্ণভাবে নিরাপদ করতে পারবো।

**সড়ক দুর্ঘটনার কারণসমূহ :**

# ফিটনেসবিহীন গাড়ী, বৈধ লাইসেন্সবিহীন চালক
# ওভারস্পীড, ওভারলোড, অতি আত্মবিশ্বাস এবং বেপরোয়া ওভারটেকিং
# নিয়ম না মেনে পথ চলা
# অসাবধানতা, অমনোযোগিতা (চালক, যাত্রী ও পথচারী)
# গাড়ী চালানো ও রাস্তা পারাপারের সময় মোবাইল ফোন ব্যবহার
# চালকের মাদকাসক্তি
# ট্রাফিক ও রোড সাইন সম্পর্কে অজ্ঞতা
# বিরামহীন দীর্ঘ সময় ধরে গাড়ী চালানো
# চালকের চোখ ও কানের ত্রুটি
# শারীরিক ও মানসিকভাবে সুস্থ না থাকা

**পথচারী হিসেবে আমার দায়িত্ব :**

# রাস্তা পারাপারের সময় ডানে-বামে ভালোভাবে লক্ষ্য করে জেব্রা ক্রসিং/ফুট-ওভারব্রিজ/আন্ডারপাস রাস্তা পার হওয়া
# রাস্তা পারাপারের সময় মোবাইল ফোন ব্যবহার না করা
# রাস্তায় হেডফোন ব্যবহার না করা
# দুই যানবাহনের মধ্যবর্তী স্থান দিয়ে চলাফেরা না করা
# ট্রাফিক সিগন্যাল যথাযথভাবে মেনে চলা
# ফুটপাথ দিয়ে চলাচল করা। ফুটপাথ না থাকলে রাস্তার ডান পাশ দিয়ে হাঁটা
# রাস্তায় অমনোযোগী না হওয়া; দ্রুত বেগে অথবা দৌড়ে রাস্তা পার না হওয়া
# প্রয়োজনে কর্তব্যরত ট্রাফিক পুলিশের সাহায্য গ্রহণ করা
# লাল বাতি জ্বলন্ত অবস্থায় রেলক্রসিং পারাপার না হওয়া

**যাত্রী হিসেবে আমার দায়িত্ব :**

# চলন্ত গাড়ীতে হাত, মাথা বা শরীরের কোন অংশ জানালা দিয়ে বের না করা
# নির্ধারিত স্টপেজে গাড়ীতে ওঠানামা করা; চলন্ত গাড়ীতে ওঠানামা না করা
# বাস বে/নির্ধারিত স্টপেজ ছাড়া অন্য কোনো স্থানে গাড়ীর জন্য অপেক্ষা না করা
# পরিবহনে ধূমপান না করা
# চলন্ত গাড়ীতে গেটে ঝুলে না থাকা
# চালককে দ্রুত চালাতে প্ররোচিত না করা; দ্রুত চালালে তাঁকে বারণ করা
# চলন্ত গাড়ীতে চালকের সাথে কথা না বলা
# চালককে মোবাইল ফোনে কথা বলা থেকে বিরত থাকার অনুরোধ করা
# বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি, বৃদ্ধ, শিশু, নারী এবং অসুস্থ ব্যক্তিদের যানবাহনে আসনের অগ্রাধিকার করা; প্রয়োজনে নিজের আসনটি ছেড়ে দেয়া।

# অনুমোদনহীন যানবাহন যেমন ইজি বাইক, ইঞ্জিন রিকশা, নছিমন, ভটভটি ইত্যাদিতে আরোহন না করা
# গাড়ী থেকে কোন কিছু বাইরে ছুঁড়ে না ফেলা, কফ, থুথু না ফেলা
# ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী হয়ে গাড়ীতে না ওঠা
# বাসে/ট্রেনে অপরিচিত কারো কাছ থেকে কোনো কিছু না খাওয়া
# অনির্ধারিত মাইক্রোবাস বা অন্য যানবাহনে শেয়ারে আরোহন না করা

গাড়ী চালক হিসেবে আমার দায়িত্ব :
# ট্রাফিক আইন, ট্রাফিক সাইন ও রোড সাইন সম্পর্কে পুরোপুরি ধারণা রাখা
# গাড়ী চালানোর পূর্বে গাড়ীর প্রাথমিক নিরাপত্তা বিধান যেমন- ইঞ্জিন অয়েল, ব্রেক, গিয়ার, চাকা, জ্বালানী, পানি ইত্যাদি পরীক্ষা করা
# বৈধ লাইসেন্স ও প্রয়োজনীয় কাগজপত্র ব্যতীত এবং ফিটনেসবিহীন গাড়ী না চালানো
# অননুমোদিত যানবাহনে ফ্ল্যাগস্ট্যান্ড, স্টিকার, হুটার, বিকন লাইট ব্যবহার না করা
# বেপরোয়াভাবে গাড়ী না চালানো এবং গতিসীমা মেনে চলা
# গাড়ী চালানো অবস্থায় মোবাইল ফোন ব্যবহার না করা
# নির্ধারিত স্টপেজ ছাড়া অন্য কোথাও যাত্রী ওঠানামা না করানো
# জেব্রা ক্রসিং হতে নির্ধারিত দূরত্বে গাড়ী থামানো
# সিট বেল্ট ব্যবহার করা
# হেলপার দিয়ে গাড়ী না চালানো
# মাদক গ্রহণ হতে বিরত থাকা
# গাড়ী চালানোর সময় কারো সাথে কথা না বলা
# গাড়ী চালানোর সময় ধূমপান না করা
# প্রয়োজন ছাড়া গাড়ীর হর্ন না বাজানো; জরুরি প্রয়োজনে হর্ন বাজালেও খুব সংক্ষিপ্ত সময়ের জন্য আস্তে বাজানো
# হাইড্রোলিক হর্ন বর্জন করা
# অনুমোদনহীন স্থানে পার্কিং না করা
# শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালের সামনে গতিসীমা মেনে অতি সতর্কতার সাথে গাড়ী চালানো এবং হর্ন না বাজানো
# নিয়মিত চোখ ও কান পরীক্ষা করা এবং প্রয়োজনে চশমা ও শ্রবণযন্ত্র ব্যবহার করা
# একটানা ছয় ঘন্টার বেশী গাড়ী না চালানো
# কোন অবস্থাতেই উল্টা পথে গাড়ী না চালানো
# অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ও জরুরি সেবাকে অগ্রাধিকার দেয়া
# বাম লেনে যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা
# নির্ধারিত লেনে গাড়ী চালানো

মোটরসাইকেল চালক হিসেবে আমার দায়িত্ব :
# লাইসেন্স ছাড়া মোটরসাইকেল না চালানো
# ট্রাফিক সিগন্যাল অমান্য করে মোটরসাইকেল না চালানো
# উল্টা পথে মোটরসাইকেল না চালানো
# ফুটপাথ দিয়ে মোটরসাইকেল না চালানো
# মোটরসাইকেলে আরোহনের পূর্বে চালক ও আরোহীর হেলমেট পরিধান নিশ্চিত করা এবং চালকসহ দুই জনের বেশি আরোহণ না করা
# কোন চলন্ত গাড়ীর সাথে পাল্লা দিয়ে মোটরসাইকেল না চালানো
# দুই যানবাহনের মাঝখান দিয়ে মোটরসাইকেল না চালানো

যানবাহন মালিক হিসেবে আমার দায়িত্ব :
# রেজিস্ট্রেশন, রুট পারমিট, ইন্সুরেন্স, ফিটনেস সার্টিফিকেট ছাড়া রাস্তায় গাড়ী বের না করা ও হালন কাগজপত্র গাড়ীতে রাখা
# গাড়ীতে অগ্নিনির্বাপক সিলিন্ডার, ফার্স্ট এইড বক্স ও ময়লা ফেলার ঝুড়ি রাখা
# বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া গাড়ী চালাতে না দেয়া
# নিয়মিত সকল চালকের চোখ ও কান পরীক্ষা করা
# অপ্রাপ্তবয়স্ক চালককে গাড়ী চালাতে না দেয়া
# গণপরিবহনে ৬ ঘন্টা পর পর চালক বদল করা
# ট্রাক চালকদের রাস্তার মাঝে বিশ্রামের সুযোগ দেয়া
# চুক্তিতে গাড়ী চালাতে না দিয়ে চালক ও সহকারীদের বেতন ও বোনাস নিয়মিত প্রদান করা
# গণপরিবহনের দৃশ্যমান স্থানে গাড়ীর মালিক, চালক, হেল্পার ও সুপারভাইজারের নাম, মোবাইল ন রেজিস্ট্রেশন নম্বর ও ভাড়ার তালিকা প্রদর্শন করা

অভিভাবক ও শিক্ষক হিসেবে আমার দায়িত্ব
# নিজ সন্তান ও ছাত্র-ছাত্রীদের ট্রাফিক আইন, ট্রাফিক সাইন ও রোড সাইন সম্পর্কে প্রাথমিক জ্ঞান প্রদান ক
# প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের জন্য নিয়মিত ট্রাফিক সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ ক
# শিশুদের বুঝাতে হবে যে, নিজের নিরাপত্তা সর্বাগ্রে